রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অডিট ও আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৪/০৭ মে ২০১৭

**নং ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৩১.১৭-২২২**—বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত ০৪-০২-২০১০ খ্রি. তারিখে (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) জারীকৃত নির্দেশিকার ১৬ অনুচ্ছেদ অনুযায়ী নতুন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এম.পি.ও. ভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সভাপতি |
| (২) | যুগ্ম-সচিব(প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব(কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব(মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সদস্য |
| (৫) | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | - | সদস্য |
| (৬) | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | - | সদস্য |
| (৭) | পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা | - | সদস্য |
| (৮) | উপসচিব (কারিগরি-১/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সদস্য |
| (৯) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কারিগরি/মাদ্রাসা/আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | - | সদস্য-সচিব |

২। **কমিটির কার্যপরিধি :**

(ক) এম.পি.ও নির্দেশিকা ও জনবল কাঠামো-২০১০ (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী নতুন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ করা;

(খ) প্রতিষ্ঠান কর্তৃক দায়েরকৃত মামলার রায়/আদেশ মোতাবেক এম.পি.ও নির্দেশিকা ও জনবল কাঠামো-২০১০ (মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করা;

(গ) কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানের এম.পি.ও. ভুক্তির প্রস্তাবে সংশ্লিষ্ট উপসচিব দায়িত্ব পালন করবেন।

(ঘ) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কারিগরি/মাদ্রাসা/আইন) এম.পি.ও. ভুক্তির প্রস্তাব/মামলা সংক্রান্ত বিষয়াদি উপস্থাপনে সংশ্লিষ্ট ক্ষেত্রে দায়িত্ব পালন করবেন।

(ঙ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে সুপারিশ প্রদান করা।

(চ) কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

**মোঃ আলমগীর**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd